



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।



স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৪. ০৭/১০

তারিখঃ ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

নিম্নের বর্ণনা অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় স্টেশনারী ও মুদ্রণ মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র দাখিলের সময়সূচী ও স্থান	দরপত্র খোলার সময়সূচী
৩৫/২৩-২৪	স্টেশনারী মালামাল	১০০০/-	২৯,০০০/-	১৬/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	১৯/০৫/২০২৪ খ্রিঃ ১২.০০ ঘটিকা (BST), ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	১৯/০৫/২০২৪ খ্রিঃ ১২.০৫ ঘটিকা (BST), ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩৬/২৩-২৪	মুদ্রণ মালামাল	১০০০/-	৩৭,০০০/-	১৬/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	১৯/০৫/২০২৪ খ্রিঃ ১২.০৫ ঘটিকা (BST), ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	১৯/০৫/২০২৪ খ্রিঃ ১২.০৫ ঘটিকা (BST), ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নের ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- আগ্রহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে উপরোক্ত বর্ণনা মোতাবেক দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- আগ্রহী দরদাতাগণ আগামী ১৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে দরপত্র সমূহ (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- দাখিলকৃত দরপত্রের সহিত উল্লিখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে।
- বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে দরপত্র সংশ্লিষ্ট মালামাল সরবরাহের অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।
- সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরণসহ দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন (হাল নাগাদ) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- “দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।